গাজীপুরে পুলিশের সাউন্ড গ্রেনেডে আহত সাংবাদিক



ছবি: সংগৃহীত

গাজীপুরের ভোগড়া বাইপাসে শ্রমিকদের বিক্ষোভ নিয়ন্ত্রণে পুলিশের ছোড়া সাউন্ড গ্রেনেডের আঘাতে আহত হয়েছেন কালবেলার সাংবাদিক মামুন হোসাইন। তাঁকে স্থানীয় একটি হাসপাতালে নেওয়া হয়েছে।

মঙ্গলবার (১৭ নভেম্বর) সকালে শ্রমিকদের সড়ক অবরোধ চলাকালে এ ঘটনা ঘটে।

ন্যূনতম মজুরি ৩০ হাজার টাকা করার দাবিতে সকালে চান্দনা চৌরাস্তা, ভোগড়া বাইপাস ও বাসাই সড়ক এলাকায় মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন পোশাকশ্রমিকেরা। একপর্যায়ে তাঁদের ছত্রভঙ্গ করতে পুলিশ সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে।

সাংবাদিক মামুন হোসাইনের অভিযোগ, তিনি ও ঢাকা থেকে আসা কয়েকজন সাংবাদিক যে গলিতে অবস্থান করছিলেন, সেখানে পুলিশ উদ্দেশ্যপ্রণোদিতভাবে সাউন্ড গ্রেনেড ছোড়ে। এতে তাঁর পায়ে গুরুতর আঘাত লাগে। গ্রেনেডের বিকট শব্দে কানেরও ক্ষতি হয়েছে বলে জানান তিনি।

LENS ASIA